# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৬৮৩/নতুন/গাজী/৬৮৮ তারিখ: ১২/০৮/২০২৬ খ্রি.

**বিষয়:** **নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) পর্যায়ে ইংরেজি ভার্সনে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। পরিদর্শন কর্মকর্তার ০২/০৭/২০২৬ তারিখে দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার টংগী থানাধীন **"ব্রিলিয়ান্ট জুনিয়র স্কুল"**- কে নিম্নোক্ত শর্তে ০১-০১-২০২৬ হতে ৩১-১২-২০২৮ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে।

শর্তসমূহ:

১. এ পাঠদানের প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না;

২. **নীতিমালা অনুযায়ী কাম্য পরিমাণ জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থাতেই ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না এবং এ বিদ্যালয়ের জন্যে নির্মিত ভবনে অন্য কোন কার্যক্রমও পরিচালনা করা যাবে না ;**

৩. বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;

৪. প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ন্যূনতম ২,০০,০০০/- (দুই লক্ষ) ও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত কোনক্রমেই এ অর্থ উত্তোলণ করা যাবে না;

৫. শিক্ষার্থীদের নিকট হতে "বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি"- এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে;

৬. আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে;

৭. সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বর্হিভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না;

৮. সরকার নির্ধারিত কারিকুলাম ব্যতিত অন্য কোন কারিকুলাম বা পাঠ্যক্রম অনুসরণ করা যাবে না;

৯. বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকাল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে;

১০. বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে এবং প্রতিষ্ঠান প্রাঙ্গণে ফলজ ও ঔষধি গাছের চারা রোপণ করতে হবে;

১১. ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়-এর ২৩-০৭-২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ১৮,০০,০০০/- টাকা যৌথনামে [ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি; খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;

১২. স্বতন্ত্র গ্রন্থাগারে ন্যূনতম ১,০০০ (এক হাজার) বই সংরক্ষণ করতে হবে;

১৩. নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের আবেদনে দাখিলকৃত কোন তথ্য ভুল প্রমাণিত হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে, বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে বোর্ড কর্তৃক এ অনুমোদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

**প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান**
আইডি নং- ০০০১৭৪৪২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রধান শিক্ষক
ব্রিলিয়ান্ট জুনিয়র স্কুল (১৪০৬৯০)
আউচপাড়া, নিশাতনগর, টংগী, গাজীপুর সদর, গাজীপুর

মেমো নং- ৬৮৮(৮) তারিখ: ~~/০৭/২০২৬~~ খ্রি. ১২/০৮/২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা;
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৪. জেলা প্রশাসক, গাজীপুর;
৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
৬. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর;
৭. পিএসটু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. সভাপতি, পরিচালনা কমিটি, ব্রিলিয়ান্ট জুনিয়র স্কুল, আউচপাড়া, নিশাতনগর, টংগী, গাজীপুর সদর, গাজীপুর;
৯. অফিস কপি।

12.8.26

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

13.07.2026